05215　　　　　　　　　　　　　　　　　　　　T 00899.

भारतीय गैर न्यायिक

Rs 20000 रु　　　　Rs 20000 रु

बीस हज़ार रुपये

RUPEES

२०००० रुपये

सत्यमेव जयते

Rs 20000 रु　INDIA NON JUDICIAL　Rs 20000 रु

02CC 462107



-ঃ মং ৪,৫০,০০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার ) টাকা পণ মূল্যের
নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ঃ-

***************************************************************

<u>কোবালা গ্রহিতাদ্বয় ঃ-</u>

১) শ্রী শান্তিরঞ্জন দাস, পিতা-* শচীন্দ্রনাথ দাস, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং- ৪৭, পূর্বাচল মেন রোড, পো ঃ- হালতু, থানা- কসবা, কলকাতা- ৭০০ ০৭৮ ,২) শ্রী পিলু দাস, পিতা-* সতীশ চন্দ্র দাস, জাতি- হিন্দু, পেশা- ব্যবসা, সাং- ১/৪২, জহুরা বাজার লেন, থানা- কসবা, কলকাতা- ৭০০ ০৪২।

**********************************

Admissible under Regn. Rule 21 duly stamped under the Indian Stamp Act. 1899 as ammended by Act ... of 193.. & ... the Calcutta Improvement Act 1911 ...

2374

... Act.

... Calcutta Improvement Act 1911 ... F ...

... Rs. ...

A · 4934F
F · 71
H · 28F
M(L) - 41

4978 F　Addl. Sub-Registrar-III, Alipore South 24 Parganas　14-2-05

... Rs. 380104 40000

... No. 469634
469635 (08554)
14/2/05

... Rs. 107251

14/2/05

... of the WB provision of under valuation ... 1994
Market Value ... Rs. 14.25000
Deficit ... Rs. 780104

... Registrar-III ... 24 Parganas　14/2/05

5.3.22
Bablu Kumar Naskar
Adv Alipur

13.5. 3

Admitted for Registration No. 000 27th
11.15 A.M. P.M. the 15 000 27th
day June 2003 15000
at his Pvt. residence.
at the Sadar Registration Officer
Alipore South 24 Parganas by 36-A/01 Kamala Rani Das
Executant/Claimant or one of
the Executant/Claimant or
attorney for........

Addl. Sub-Registrar-III
Alipore South 24 Parganas

কমলা রানী দাস

V.C.T.I
1282

27/6/03

কমলা রানী দাস

V.C.T.I
1283

অতুল চন্দ্র দাস
পিঃ লক্ষ্মণ দাস

লক্ষ্মণ দাস
c/o অতুল চন্দ্র দাস

(1) Kamala Rani Das.
W/o S.C. Das. (2)
Saitul ch. Das.
S/o Lt R.N. Das.
Name...
S/o. W/o. D/o.
hath of Garfa Baidyapara.
P.S. Kasba. Kol-78.
Dist South 24 Parganas
by Caste Hindu/Muslim.
by Profession. Business
2. Wife

Name Laxman Das.
S/o. W/o. D/o. S.C. Das.
of Garfa Baidyapara.
Hallu. Kol-78.
Dist South 24 Parganas
by Caste Hindu/Muslim.
by Profession Business

Addl. Sub-Registrar-III
Alipore South 24 Parganas
27/6/03.

15000रु. भारतीय गैर न्यायिक 15000रु.

INDIA NON JUDICIAL

पन्द्रह हज़ार रुपये

RUPEES FIFTEEN THOUSAND

सत्यमेव जयते

Rs.15000 भारत INDIA Rs.15000

02BB 780278

-ঃ ( ২ ) ঃ-

<u>কোবালা দাতা ও দাত্রী</u> ঃ- ১) শ্রী সতুল চন্দ্র দাস, পিতা- মৃত রাজেন্দ্র নাথ দাস, ২) শ্রীমতী কমলা রানী দাস, স্বামী শ্রী সতুল চন্দ্র দাস, উভয়ের জাতি- হিন্দু, পেশা- ১ নং ব্যবসা, ২ নং গৃহস্থালী, উভয়ের সাং- গড়ফা বৈদ্যপাড়া, থানা- কসবা, কলকাতা- ৭০০ ০৭৮।

**********************************

কস্য কমবেশী ৯ কাঠা ৮ ছটাক শালি জমি মায় যাবতীয় আকর আওলাতাদি মায় সংলগ্ন রাস্তার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

1000Rs.




-ঃ ( ৩ ) ঃ-

জেলা ২৪ পরগণা হাল দক্ষিণ ২৪ পরগণা থানা সাবেক টালিগঞ্জ তৎপর যাদবপুর হাল কসবা, সাবরেজিষ্ট্রী সাবেক আলিপুর হাল শিবাদহ অত্র জেলা কালেকটরীর ১৩,১০ নম্বর তৌজি ভুক্ত পরগণা খাসপুর জে ঃ এল ঃ নং ঃ- ১৯, রে ঃ সাঃ নং ঃ- ২ সাবেক যাদবপুর মিউনিসিপ্যালিটি হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের (যাদবপুর ইউনিট ) ১০৬ নং ওয়ার্ড ভুক্ত মৌজা গড়ফা গ্রামে ৩৮৬ নং খতিয়ান ভুক্ত হাল ১১৩৭ নং দাগে .১৬ শতক শালি জমি জমা জনৈকা শ্রীমতী অমিয় বালা গোপ, স্বামী- মৃত অনন্ত হরি গোপ, সাকিন ১/২৪ নং বিজয় গড়, থানা যাদবপুর, কলকাতা- ৩২, জেলা ২৪ পরগণা মহাশয়া বিগত ইংরাজী ১৯৭৪ সালের ২৫ শে তারিখে আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ১ নং বহির ৫৯

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रू. TEN RUPEES 10RS



নং ভল্যুমের ৩৫ হইতে ৩৯ নং পাতায় লিখিত সন ১৯৭৪ সালের ১৮৫৩ নং সাফ কোবালা দলিল মূলে .০৮ শতক ও ঐ সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৩১ নং ভল্যুমের ৫৫ হইতে ৬১ নং পাতায় লিখিত সন ১৯৭৪ সালের ৪৫৫৩ নং সাফ কোবালা দলিল মূলে .০৮ শতক একুনে .১৬ শতক শালি জমি উক্ত জমির তদানিতন মালিক দখলিকার সন্তোষ কুমার কর্মকার সন্তোষ কুমার মিদ্দ্যে ও রবীন্দ্র নাথ মিদ্দ্যে মহাশয় দিগের নিকট হইতে তৎকালিন উপযুক্ত পণের খরিদ করিয়া ও মালিক সরকারে খাজনাদি আদায়ে উহাতে নিজ খাসে চাষাবাদির দ্বারা অন্যের নিরাংশে নির্ব্বিবাদে ভোগবান ও দখলিকার থাকেন।

পরবর্ত্তীকালে উক্ত শ্রীমতী অমিয় বালা গোপ মহাশয়ার নানা কারনে নগদ টাকার আবশ্যকে হইলে তিনি তাহার উক্ত খাস দখলীয় .১৬ শতক জমি জমা বিক্রয় করিবার ঘোষনা করিলে সাং- গড়ফা বৈদ্যপাড়া, কলকাতা- ৭৮, নিবাসী শ্রী স্বপন কুমার দাস ও শ্রী প্রবীর কুমার দাস মহাশয় দ্বয় তাহা উপযুক্ত পণ মূল্য প্রদানে এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল মূলে গত ইংরাজী ১৯৭৬ সালে তাহা খরিদ করিয়া লহেন । উক্ত খরিদ কোবালা দলিলখানি এস. আর. আলিপুর অফিসে বুক নং - ১, ভল্যুম নং- ৮০, পৃষ্টা নং - ১০২ থেকে ১০৭, বিং নং- ৩৩০৫, ফর দি ইয়ার ১৯৭৬ রূপে লিপিবদ্ধ রহিয়াছে ।

অতঃপর উক্ত স্বপন কুমার দাস ও প্রবীর কুমার দাস মহাশয় দ্বয় তাহাদের নগদ অর্থের আবশ্যকে বিগত ইংরাজী ৩০/০৭/১৯৯১ তারিখে তাহাদের খরিদা কমবেশ ১৬ শতক বা স্থানীয় বাংলা মাপে ১০ কাঠা শালি জমি বিক্রয় ঘোষনা করিলে সাকিন গড়ফা বৈদ্যপাড়া নিবাসী শ্রী সতুল চন্দ্র দাস মহাশয়ের পুত্র শ্রী নিতাই দাস ওরফে রঞ্জন দাস তাহা খরিদ করেন । উক্ত খরিদা দলিল খানি আলিপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১৮৫ নং ভল্যুমের ১৩০ হইতে ১৩৮ নং পাতায় লিখিত ১৯৯১ সালের ১১৫৮ নং দলিলরূপে লিপিবদ্ধ আছে ।

তৎপর উক্ত নিতাই দাস ওরফে রঞ্জন দাস তাহার খরিদা নিম্ন তপশীল বর্ণিত জমিতে খাসে ভোগদখল করিতে থাকা অবস্থায় বিগত ইংরাজী ০৫/০৬/১৯৯৩ তারিখে অবিবাহিত অবস্থায় পরলোক গমন করিলে পর তৎত্যক্ত সম্পত্তি মালিক দখলিকার হইয়া আমরা অত্র দাতা ও দাত্রী দ্বয় বর্তমানে ভোগবান ও দখলিকার আছি।

অতঃপর আমাদের পুত্র উক্ত নিতাই দাস ওরফে রঞ্জন দাস উপরোক্ত ১০ কাঠা শালি জমির খাস দখল গ্রহণ করতঃ খাসে ভোগদখল করিতে থাকাবস্থায় কোনরূপভাবে দান, বিক্রয় বা বন্ধকাদির দ্বারা হস্তান্তর না করিয়া অবিবাহিত অবস্থায় আমরা অত্র কোবালা দাতাদ্বয়কে ভাগ্যহীন পিতা ও মাতা স্বরূপে ওয়ারেশ উত্তরাধিকারী বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে, আমরা দাতাদ্বয় তৎত্যাক্ত সম্পত্তি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া খাসে ভোগদখল করিয়া আসিতেছি।

এক্ষণে আমাদের সঙ্গত কারণে নগদ টাকার আবশ্যকে নিম্ন তপশীল বর্ণিত ৯ কাঠা ৮ ছটাক শালি জমি বিক্রয়ের ঘোষণা করিলে, আপনারা অত্র কোবালা গ্রহিতা দ্বয় তাহা অবগত হইয়া উক্ত জমি মং ৪,৫০,০০০্ চার লক্ষ পঞ্চাশ হাজার টাকায় খরিদ করিতে সম্মত হইয়া আমাদের নিকট প্রস্তাব করিলে, আমরা আপনাদের প্রস্তাবিত মূল্যে আপনাদের নিকট বিক্রয় করিতে রাজী থাকিয়া অদ্য তারিখে আপনাদের নিকট হইতে পণ মূল্যের সমুদয় মং ৪,৫০,০০০ চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা গ্রহণ করিয়া অত্র কোবালা দলিল আপনাদের নাম বরাবর লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ-

অত্র বিক্রীত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে এযাবৎকাল আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, স্বার্থ, লভ্য, দখল অধিকার দাবী দাওয়া ইত্যাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে আপনাদের প্রতি বর্ত্তিল। আপনি আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক দখলীকার হইয়া মালিক জমিদার সেরেস্থায় ও হাল কলিকাতা

মিউনিসিপ্যাল কর্পোরেশানে আপনাদের নাম পত্তনে ধার্য্য ট্যাক্সাদি আদায় দিয়া পুত্র পৌত্রাদি মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্বপ্রকার হস্তান্তর, রূপান্তর, অবস্থান্তর করণের ক্ষমতা যুক্তে পরম সুখে ভোগদখল করিতে থাকুন ও থাকিবেন, তাহাতে আমরা দলিল দাতা ও দাত্রী মায় ওয়ারিশানগণ ক্রমে কোন প্রকার দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবেক না, করিলেও তাহা অত্র কোবালা বলে সর্বত্র সর্ব্বাদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

প্রকাশ থাকে যে অত্র বিক্রীত সম্পত্তি আমরা অন্য কাহারও নিকট বিক্রয়, বন্ধকাদির দ্বারা হস্তান্তর করি নাই। উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয় ভুক্ত সম্পত্তি নহে বা উহা আদালত কর্ত্তৃক নিলাম বা ক্রোক হয় নাই। উক্ত সম্পত্তি সরকার বা কোন বে-সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক অধিগ্রহণ হয় নাই বা ঐমর্ম্মে আমরা কোন প্রকার নোটিশাদি পাই নাই। উহা দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা আমরা অদ্যাবধি কোন দেব সেবায় বা ট্রাষ্ট ফাণ্ডে অর্পণ করি নাই। সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনাদের নিকট বিক্রয় করিয়া চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

প্রকাশ থাকে যে, আমাদের উপরি বর্ণিত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রমাণিত হয় তবে মাফিক আইন আমলে আসিতে বাধ্য রহিলাম।

প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র কোবালা দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে আপনাদের তলবমত অত্র গ্রহিতাদ্বয়ের খরচায়

উক্ত ভুল ভ্রান্তির সংশোধন দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ্য শরীরে, সরলমনে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে অত্র কোবালা দলিল খানি আপনাদের নাম বরাবর লিখাইয়া তাহা পাঠ করতঃ মর্ম্ম সকল অবগত হইয়া ও পণ মূল্যের সমুদয় টাকা নিম্ন জায়মত গ্রহণ করিয়া অত্র কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তাং- ইংরাজী ২০০৩ সালের ২৭ শে জুন

মোতাবেক বাংলা ১৪০৭ সালের ১২ ই আষাঢ়.

## -ঃ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ-

*************************************

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা- সাবেক টালীগঞ্জ, হাল কসবা, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর অধুনা শিবাদহ, হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ১০৬ নং ওয়ার্ড ভুক্ত, তৌজি নং- ১৩, ১০, জেঃ এলঃ নং- ১৯, মৌজা- গড়ফা গ্রামে হাল ৩৮৬ নং খতিয়ানভুক্ত হাল ১১৩৭ নং দাগে কমবেশ ১০ কাঠা শালি জমি জমার মধ্যে ৯ কাঠা ৮ ছটাক জমি মায় যাবতীয় আকর আওলাতাদি সহ সম্পত্তি অত্র কোবালা দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। উহার হারাহারী বার্ষিক খাজনা ১ টাকা মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেকটর বাহাদুর সেরেস্থায় আদায় দিতে হয়। বিক্রীত সম্পত্তি অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রং এর রেখার দ্বারা বেষ্ঠিত করিয়া দেখান হইল, উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া

গণ্য হইবে। উক্ত জমি ১৮৪, বিহারী মন্ডল রোড প্রেমিসেস ভুক্ত যাহার এ্যাসেসি নং- ৩১-১০৬-০১-০১৮৪-৩।

প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তির সংলগ্ন যে রাস্তা রহিয়াছে, উক্ত রাস্তায় আপনি মায় ওয়ারিশানগণ ক্রমে চলাচল, ইলেকট্রিক ও টেলিফোন লাইন, জলকলের লাইন ও ড্রেন করিবার সর্ব্ববিধ ইজমেন্ট রাইট রহিল।

## -ঃ তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ-

**************************************

| | |
|---|---|
| উত্তর | ঃ ১১৩৮ নং দাগ ও ১১৩৭ নং দাগের অংশ। |
| দক্ষিণ | ঃ ৪২০৭ নং দাগ ভুক্ত জমি। |
| পূর্ব্ব | ঃ প্লট নং বি ভুক্ত জমি। |
| পশ্চিম | ঃ ১১৩৯ নং দাগ ভুক্ত জমি। |

SITE PLAN OF PART OF C.S. DAG NO 897 CORRESPONDING TO PART OF R.S DAG NO 1137 UNDER MOUZA-GARFA J.L NO 19 R.S NO 2 R.S KHATIAN NO 386 IN P.S KASBA DIST-SOUTH 24PGS UNDER THE KOLKATA MUNICIPAL CORPORATION BOROUGH XI WARD NO 106 JADAVPUR UNIT KOLKATA-700078 SCALE 1IN=20FT

AREA OF LAND 9K-8CH-0SFT SHOWN IN RED BORDER AS THUS

NOTE

PLOT-NO A - AREA - 5K-0CH-0SFT
PLOT NO B - AREA - 4K-8CH-0SFT
TOTAL AREA - 9K-8CH-0SFT




DRAWN BY
Sanjay

VENDOR'S SIGNATURE

## -ঃ পণের টাকার জায় ঃ-

************************

অদ্য রোজ নোটে ও নগদে প্রাপ্ত ................ ৪,৫০,০০০/- টাকা

মবলগে চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

মুসাবিদাকারক ঃ-

(শ্রী বাবলু কুমার নস্কর)
আইনজীবী
WB-138/1988
আলিপুর পুলিশ কোর্ট,
কলকাতা- ৭০০ ০২৭।

~~ইসাদি~~ ঃ-

ইসাদি ঃ-

অক্ষর বিন্যাস ঃ-

(দেবাশিস মন্ডল )
২, নস্করপাড়া,
গড়ফা মেন রোড,
কলকাতা- ৭০০ ০৭৮।

Registered in

Book No. 1

Volume No. 2

Pages 5389 To 5405

Being No. 00899

For the year 2005

Office of the Dist Sub-Registrar III South 24 Parganas

Dist. Sub-Registrar-III Alipore, South 24 Parganas

Dist. Sub-Registrar-III Alipore, South 24 Parganas
14-02-05

7.35
7.35
14.70

8-14-13

8-12-0